

বিটিআরআই খামার, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

আয়তন

বিটিআরআই তথা বিটিআরআই খামারের অধীনে মোট জমির পরিমাণ = ৩৪.৯০ হেক্টর। এই জমির বিন্যাস নিম্নরূপঃ

(ক) চা সংশ্লিষ্ট জমির পরিমাণ = ১০.১২ হেক্টর।

(খ) অন্যান্য ফসলি জমির পরিমাণ (মিশ্র বনজ, নার্সারী ইত্যাদি) = ৫.৫১ হেক্টর।

(গ) অন্যান্য খাতে জমির ব্যবহার = ১৯.২৭ হেক্টর।

- অফিস, গেট হাউজ, মসজিদ, কর্মকর্তা-কর্মচারী-শ্রমিক বাসস্থান, পুকুর ইত্যাদি: ১৭.৬৩ হেক্টর।
- রাস্তা, নর্দমা, পতিত জমি: ১.৬৪ হেক্টর।

কার্যাবলী

পরিচালক মহোদয়ের আদেশে এবং কৃষিতত্ত্ব বিভাগের মাধ্যমে বিটিআরআই খামারটি পরিচালিত হয়ে থাকে।

বিটিআরআই খামারের প্রধান কার্যক্রমসমূহ নিম্নে তুলে ধরা হলঃ

- (১) প্রতি বছর এই খামার হতে পর্যাপ্ত সংখ্যক চা চারা উৎপাদন করে এবং ফ্রেশ কাটিং সরবরাহ করে বাগানগুলোকে স্বল্পমূল্যে সরবরাহ করা হয়ে থাকে যাতে বাগানগুলোতে চার মান ও উৎপাদন বৃদ্ধি পায়।
- (২) বিটিআরআই খামারের চা আবাদি জমি হতে বছরে প্রায় ৮০ হাজার কেজি সবুজ চা পাতা উৎপাদিত হয় যাহা বিটিআরআই চা কারখানাতে সরবরাহ করা হয়। এ খামারের গড় ফলন প্রায় ২,০০০ কেজি।
- (৩) খামারের শ্রমিক দ্বারা অফিস, বাসস্থান-সহ সম্পূর্ণ এলাকা দিনে ও রাত্রে নিরাপত্তার ব্যবস্থা করা হয়।
- (৪) অত্র এলাকা পরিষ্কার-পরিচ্ছন্নতা রক্ষার কাজ বিটিআরআই খামার সম্পন্ন করে থাকে।
- (৫) অত্র প্রতিষ্ঠানে বিদ্যমান আটটি ডিভিশনের মাঠ পর্যায়ের গবেষণা কাজগুলো সাধারণত: বিটিআরআই খামারে সম্পন্ন কর হয়ে থাকে এবং পরীক্ষণগুলোয় প্রয়োজনীয় শ্রমিক প্রদানসহ নানাবিধ কাজে সাহায্য-সহযোগিতা করা হয়ে থাকে।